# তিন দিনের সফরে ঢাকায় আসছেন ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগে



সংগৃহীত ছবি

ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগে আগামী শনিবার (২২ নভেম্বর) তিন দিনের সফরে ঢাকায় পৌঁছাবেন। এই সফরে বাংলাদেশ ও ভুটানের মধ্যে তিনটি চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) সাংবাদিকদের এসব তথ্য জানান পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়াম। তিনি বলেন, জলবিদ্যুৎ আমদানির বিষয়ে ঢাকা ও থিম্পু নীতিগতভাবে একমত হলেও এখনো ভারতের অনাপত্তি পাওয়া যায়নি। সফরকালে জলবিদ্যুৎ ইস্যুতে বিস্তারিত আলোচনা হবে। পাশাপাশি বাংলাদেশি নাগরিকদের জন্য ভুটানে ট্রাভেল ট্যাক্স অপরিবর্তিত রাখা ও সম্ভব হলে কমানোর প্রস্তাবও তুলে ধরা হবে।

সফরের প্রথম দিনই ভুটানের প্রধানমন্ত্রী প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় বৈঠকে বসবেন। এতে বাণিজ্য, বিনিয়োগ, যোগাযোগ, শিক্ষা, পর্যটন, সংস্কৃতি ও ক্রীড়া—বিভিন্ন খাতে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হবে বলে আশা করা হচ্ছে।

এ ছাড়া সফর চলাকালে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনসহ সরকারের কয়েকজন উপদেষ্টা ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন।

তিন দিনের এ সফর শেষে তিনি আগামী ২৪ নভেম্বর ঢাকা ত্যাগ করবেন।

LENS ASIA